22

দৈনিক বাংলা

তারিখ ০1 JAN 1996
পৃষ্ঠা ৬ কলাম ৪

আজ প্রাথমিক শিক্ষা পক্ষ শুরু

# নিরক্ষরতা দূর করতে সম্মিলিত প্রচেষ্টা চালান ঃ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া নিরক্ষরতা নির্মূল এবং একটি সুখী ও সমৃদ্ধ দেশগঠনে সাহায্য করার জন্য দলমত নির্বিশেষে সকলের সম্মিলিত প্রচেষ্টা চালানোর আহবান জানান। খবর বসাস'র। আজ সোমবার থেকে দেশব্যাপী প্রাথমিক শিক্ষা পক্ষ উদযাপন উপলক্ষে প্রধানমন্ত্রী এক বাণীতে বলেন, সর্বস্তরের জনগণের আন্তরিকতা, সহযোগিতা ও অংশগ্রহণের মাধ্যমে দেশ থেকে নিরক্ষরতা নির্মূল করা সম্ভব।

তিনি বলেন, প্রাথমিক শিক্ষা হলো শিক্ষার প্রধান ভিত্তি এবং সে জন্যই এ খাতের উপর সর্বাধিক গুরুত্ব দেয়া হয়েছে। এ প্রসঙ্গে তিনি বলেন, মানবসম্পদ উন্নয়ন ও শিক্ষিত জাতি গড়ে তোলার জন্য সব ধরনের চেষ্টা নেয়া হচ্ছে। বেগম খালেদা জিয়া বলেন, গোটা জাতিকে এর গুরুত্ব সম্পর্কে সচেতন করে তুলতে পারলেই শুধু প্রাথমিক শিক্ষায় জাতীয় লক্ষ্য অর্জন সম্ভব।

থানা ও জেলা পর্যায়ে শিক্ষা পক্ষ উপলক্ষে আয়োজিত বিভিন্ন কর্মসূচীতে প্রাথমিক শিক্ষা গ্রহণের জন্য জনগণকে উৎসাহিত করবে বলে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন।

শিক্ষা পক্ষ উপলক্ষে গুরুত্বপূর্ণ অফিস ও স্থানসমূহ পোষ্টার, ব্যানার ও ফেস্টুন দিয়ে সাজানো হবে। এ ছাড়া আবৃত্তি, বিতর্ক, মিলাদ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে এবং বিজয়ীদের পুরস্কারও দেয়া হবে।

## আজ থেকে শিক্ষা পক্ষ শুরু

এক তথ্য বিবরণীতে বলা হয়, জনসাধারণকে প্রাথমিক শিক্ষার প্রতি সচেতন ও উদ্বুদ্ধ করে দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণের মাধ্যমে একটি উন্নত দেশ গঠনই আগামী ১৫ জানুয়ারী '৯৬ সমাপ্য এই শিক্ষা পক্ষ উদযাপনের উদ্দেশ্য।

এ উপলক্ষে প্রতিটি বিদ্যালয়কে আকর্ষণীয় ব্যানার, ফেস্টুন ও পোষ্টারে সাজানো হবে। প্রথম দিন বিদ্যালয়ে মিলাদের ব্যবস্থা করা হবে। অভিভাবক সমিতি, ওয়ার্ড সদস্য ও কমিশনার এবং স্থানীয় জনসাধারণকে নিয়ে সভার আয়োজন করে বিদ্যালয়ের বার্ষিক কার্যাবলী জনগণকে অবহিত করা হবে এবং প্রাথমিক শিক্ষা সম্পর্কে তাদের উৎসাহী করে তোলার জন্য ব্যবস্থা নেয়া হবে। এ 'পক্ষে' বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বইও বিতরণ করা হবে।

থানা পর্যায়ে গুরুত্বপূর্ণ বিভিন্ন অফিস ব্যানার, ফেস্টুন, পোষ্টার দ্বারা সাজানো হবে এবং শিক্ষানুরাগী ব্যক্তি, অভিভাবক ও শিক্ষকদের সমন্বয়ে শোভাযাত্রার আয়োজন করা হবে। এ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান, জনপ্রিয় শিল্পীদের গাওয়া জারী-সারি, ভাওয়াইয়া, ভাটিয়ালী, কবিগানের আয়োজনও থাকবে।